4 JAN 2017

পরিদর্শন ও নিরীক্ষা অধিদফতর

# ভাবমূর্তি গড়তে এক বছরের আলটিমেটাম শিক্ষামন্ত্রীর

যুগান্তর রিপোর্ট

পরিদর্শন ও নিরীক্ষা অধিদফতরকে (ডিআইএ) এক বছরের আলটিমেটাম দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এরমধ্যে জনগণের মাঝে এ প্রতিষ্ঠান সম্পর্কে বিদ্যমান নেতিবাচক ধারণা পরিবর্তন করে নতুন ভাবমূর্তি গড়ে তুলতে হবে। মঙ্গলবার সংস্থাটির এক অনুষ্ঠানে তিনি এ আলটিমেটাম দেন।

সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানের দুর্নীতি ও অনিয়ম ধরার দায়িত্বপ্রাপ্ত শিক্ষা মন্ত্রণালয়ের অধীন এই প্রতিষ্ঠানটির কিছু কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে সততা ও নিষ্ঠা নিয়ে প্রশ্ন আছে। প্রতিষ্ঠানটি সেবাপ্রার্থীদের কাছে 'দুর্নীতির মধুর হাঁড়ি' হিসেবে পরিচিতি পেয়েছে। মঙ্গলবার আলটিমেটাম দেয়ার সময়ে মন্ত্রী বলেন, এ অধিদফতরে এখনও যারা অসৎ আছেন, তাঁরা দ্রুত নিজেদের সংশোধন করুন। অন্যথায় তারা কেউ রেহাই পাবেন না।

শিক্ষাভবনের দ্বিতীয় ভবনের দ্বিতীয় তলায় অবস্থিত এই সংস্থার নবনির্মিত শেখ রাসেল স্মৃতি মিলনায়তন উদ্বোধন ও বাঙালির মহান ভাষা আন্দোলন, ৭ মার্চের ঐতিহাসিক ভাষণে স্বাধীনতার ঘোষণা এবং ডিজিটাল বাংলাদেশ বিষয়ক ম্যুরাল উন্মোচন উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এছাড়া মন্ত্রী ডিআইএ কর্মকর্তা-কর্মচারীদের বায়োমেট্রিক উপস্থিতি কার্যক্রমও উদ্বোধন করেন। অনুষ্ঠানে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনে ডিআইএ প্রবর্তিত 'পিয়ার ইন্সপেকশন' (সমজাতীয় পরিদর্শন) সফটওয়্যারের হালনাগাদ তথ্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে পাওয়ার পয়েন্টে উপস্থাপনা করেন ডিআইএ'র যুগ্ম-পরিচালক বিপুলচন্দ্র সরকার। পরে মন্ত্রী 'পিয়ার ইন্সপেকশন' পদ্ধতিতে পরিদর্শন কাজ চালু করার নির্দেশ দেন।